

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩২.১৫-৩৯৫

তারিখঃ ১৫/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ঋণ কার্যক্রমের মাসিক প্রতিবেদনে চিহ্নিত অসংগতির সংগতি সাধন প্রসঙ্গে।


সূত্রঃ ৩৪.০১.০০০০.০২৮.২৯.০০২.১৭-৪৯, তারিখঃ ০৮/০২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থবছরে নীলফামারী জেলায় অনুষ্ঠিত “ক্ষুদ্রঋণ ও আত্মকর্মসংস্থান কার্যক্রম মূল্যায়ন এবং বাস্তবায়ন” শীর্ষক বিভাগীয় কর্মশালায় অংশগ্রহণকারী উপজেলাসমূহের ডিসেম্বর/১৬ মাসের ঋণ প্রতিবেদন বিশ্লেষণ করে প্রতিবেদনে বিরাজিত অসংগতিসমূহ চিহ্নিত করে সেসবের সংগতি সাধনের লক্ষ্যে সূত্রস্থ পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদানসহ কর্মশালায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে এ কাজে অধিকতর সম্পৃক্ত হতে পরামর্শ প্রদানসহ ঋণের প্রতিবেদনের অসংগতির সংগতি সাধন করতে পরামর্শ দেয়া হয়। এ প্রেক্ষিতে আগস্ট/১৭ মাসের ঋণের মাসিক প্রতিবেদন বিশ্লেষণ করে রংপুর জেলাধীন উপজেলাসমূহের চিহ্নিত অসংগতির সংগতি সাধনের অগ্রগতির তথ্যচিত্র নিম্নের ছকে বর্ণনা করা হলোঃ

নং	উপজেলার নাম	ডিসেম্বর/১৬ মাসের ঋণ প্রতিবেদনে চিহ্নিত অসংগতি	আগস্ট/১৭ মাসের প্রতিবেদনে চিহ্নিত অসংগতির বর্তমান অবস্থা	কর্মশালায় চিহ্নিত অসংগতির সংখ্যা	আগস্ট/১৭ মাসের প্রতিঃ মোতাবেক সংশোধনের সংখ্যা
১.	পীরগঞ্জ, রংপুর	ক. আদায়যোগ্য আসলে ৬৩১৭/- টাকা বেশী দেখানো হয়েছে। খ. প্রাপ্ত প্রবৃদ্ধিতে ১৪,১০,৪১৪/- টাকা কম দেখানো হয়েছে।	সংশোধন করা হয়েছে। এখন আবার প্রবৃদ্ধিতে ৬,৩১,১৪৯/- টাকা বেশী দেখানো হচ্ছে	০২ টি	০১ টি
২.	বদরগঞ্জ, রংপুর	মূল্যায়ন প্রতিবেদন অপেক্ষা মাসিক প্রতিবেদনে উপকারভোগীর সংখ্যা ৩ জন এবং ঋণ সংখ্যা ৩ জন কম দেখানো হয়েছে	সংশোধন করা হয়েছে।	০১টি	০১টি
৩.	পীরগাছা, রংপুর	ক. আদায়যোগ্য আসলে ১০,১৮,৬৫৭/- টাকা বেশী দেখানো হয়েছে। খ. প্রাপ্ত প্রবৃদ্ধিতে ১৪,৩০৩/- টাকা বেশী দেখানো হয়েছে।	সংশোধন করা হয়েছে। এখন আবার প্রবৃদ্ধিতে ৩,১০,৫২৪/- টাকা বেশী দেখানো হচ্ছে	০২টি	০১টি
৪.	কাউনিয়া, রংপুর	ক. বিতরণযোগ্য ব্যাংক স্থিতিতে ৩৪৪২৯৮০/- বেশী খ. মূল্যায়ন প্রতিবেদন ও সিএসভিভিক প্রতিবেদনে কিস্তিও ঋণ খেলাপীতে গড়মিল	সংশোধন করা হয়েছে। সংশোধন করা হয়েছে।	০২টি	০২টি
৫.	গঙ্গাচড়া, রংপুর	ক. আদায়যোগ্য হয়নি আসলে ৮,৮৩,২০৮/- টাকা বেশী দেখানো হয়েছে। খ. বিতরণযোগ্য ব্যাংকস্থিতিতে ৪২৬৮/- টাকা কম দেখানো হয়েছে। গ. পূর্ববর্তি মাসের তুলনায় বর্তমান মাসে কিস্তি খেলাপী ২২,৫০১/- টাকা বেশী দেখানো হয়েছে। ঘ. প্রতিবেদনের সর্বমোট (৪+৫.১) নং এর ঘরগুলোতে তথ্য দ্বারা পূরণ হয়নি।	সংশোধন করা হয়েছে। সংশোধন করা হয়েছে। সংশোধন করা হয়েছে। সংশোধন করা হয়েছে।	০৪টি	০৪টি
৬.	তারাগঞ্জ, রংপুর	মাস শেষে ঋণ খেলাপী ৩৮৫০/- টাকা বেশী দেখানো হয়েছে।	সংশোধন করা হয়েছে।	০১টি	০১টি
৭.	মিঠাপুকুর, রংপুর	আদায়যোগ্য হয়নি আসলে ১০,৪১,৩৬৬/- টাকা বেশী দেখানো হয়েছে।	সংশোধন করা হয়েছে।	০১টি	০১টি

২। ইতোমধ্যে রংপুর জেলায় সিস্টেম জেনারেটেড অনলাইন রিপোর্ট প্রক্রিয়া কার্যক্রম শুরু হয়েছে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অনলাইন রিপোর্টের পাশাপাশি ম্যানুয়াল রিপোর্ট প্রণয়ন এবং অনলাইন রিপোর্টের সাথে তুলনা করে সঠিকতা নিরূপণের নির্দেশনা থাকা সত্ত্বেও পীরগঞ্জ, পীরগাছা, কাউনিয়া এবং তারাগঞ্জ (ব্যাংক স্থিতিপত্র) উপজেলা হতে কর্তৃপক্ষের আদেশ অমান্য করে নির্ধারিত ফরমে ম্যানুয়াল প্রতিবেদন প্রেরণ না করে সিস্টেম জেনারেটেড অনলাইন রিপোর্টের প্রিন্ট কপি প্রেরণ করা হয়েছে, যা কাস্তিত নয়।

৩। বর্ণিত অবস্থায়, চারটি উপজেলা হতে ম্যানুয়াল রিপোর্টের পরিবর্তে কেন অনলাইনের প্রতিবেদনের প্রিন্ট কপি প্রেরণ করা হয়েছে তার কারণ ১০(দশ) কর্মদিবসের মধ্যে জানাতে বলা হলো। একই সংগে পীরগঞ্জ এবং পীরগাছা উপজেলার চিহ্নিত অসংগতি সংশোধন করে অক্টোবর/১৭ মাসের ঋণের প্রতিবেদনে প্রতিফলন ঘটিয়ে আগামী ০৯/১১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে অনুরোধ করা হলো।



(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ফোন-৯৫১৫০১৯।

প্রাপকঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,

----- উপজেলা, রংপুর।

অনুলিপি বিতরণঃ সদয় অবগতি ও কার্যার্থে-

- ০১। উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর।
০২। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। মহাপরিচালক মহাদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।


(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)